# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam International Affairs-03

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

### জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?

A. দক্ষিণ কোরিয়া

B. ইতালি

C. পর্তুগাল ✔

D. ব্রাজিল

**Solution:**
১ জানুয়ারি, ২০১৭ জাতিসংঘের নবম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন অ্যান্তনিও গুতেরেস। তিনি পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী।

Question 2

### জাতিসংঘের স্থায়ী সদস্য:

A. জাপান, জার্মানি, ফ্রান্স, ব্রিটেন, যুক্তরাষ্ট্র

B. ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন ✔

C. যুক্তরাষ্ট্র, জার্মানি, ব্রিটেন, ব্রাজিল, চীন

D. ফ্রান্স, ব্রিটেন, যুক্তরাষ্ট্র, ইসরায়েল, চীন

**Solution:**
জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা ১৫টি। এর মধ্যে স্থায়ী ও অস্থায়ী সদস্য সংখ্যা যথাক্রমে ৫টি ও ১০টি। স্থায়ী দেশগুলো হলো ব্রিটেন, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, রাশিয়া ও চীন। যাদের প্রত্যেকের আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা ইস্যুতে 'ভেটো' প্রদানের ক্ষমতা আছে।

Question 3

ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

A নিউইয়র্ক

B প্যারিস ✔

C রোম

D জেনেভা

**Solution:**
জাতিসংঘের উল্লেখযোগ্য বিশেষায়িত সংস্থাগুলোর মধ্যে UNESCO এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে। FAO ও IFAD এর সদর দপ্তর ইতালির রোমে, ILO, WHO, WIPO-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। আর জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে।

Question 4

WIPO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A ব্রাসেলস

B জেনেভা ✔

C লন্ডন

D প্যারিস

**Solution:**
সুইজারল্যান্ডের জেনেভায় সদর দপ্তর অবস্থিত এমন কিছু গুরুত্বপূর্ণ সংস্থা ইউরোপীয় অর্থনৈতিক কমিশন (ECE), আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO), বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO), বিশ্ব বুদ্ধিভিত্তিক সম্পদ সংস্থা (WIPO), বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO), জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR), UNCTAD, ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন (IPU), বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF), বিশ্ব হার্ট ফেডারেশন (WHF) প্রভৃতি।

Question 5

জাতিসংঘের কততম অধিবেশনে বাংলাদেশ সদস্যপদ লাভ করে?

A ২৭তম

B ২৮তম

C ২৯তম ✔

D ৩০তম

**Solution:**
বাংলাদেশ জাতিসংঘের ২৯ তম অধিবেশনে ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে ১৩৬তম সদস্য পদ লাভ করে৷

Question 6

জাতিসংঘের পতাকা গৃহীত হয় কত সালে?

A ১৯৪৫

B ১৯৪৬

C ১৯৪৭ ✔

D ১৯৪৮

**Solution:**
জাতিসংঘের পতাকা গৃহীত হয় ২০ অক্টোবর, ১৯৪৭ সালে। পতাকার ডিজাইনার ডোনাল ম্যাকলাফলিন (যুক্তরাজ্য)। পতাকার নকশায় নীল এর মাঝখানে পৃথিবীর মানচিত্র আর মানচিত্রের মাঝখানে দুটি জলপাই পাতা রয়েছে।

Question 7

জাতিসংঘের সর্বশেষ সদস্যভুক্ত দেশ কোনটি?

A দক্ষিণ সুদান ✔

B এন্ডোরা

C সিয়েরা লিয়ন

D ইথিওপিয়া

**Solution:**
জাতিসংঘ সাধরণ পরিষদ কর্তৃক স্বীকৃত স্বাধীন রাষ্ট্রের সংখ্যা ১৯৫টি। এর মধ্যে জাতিসংঘের সদস্য রাষ্ট্রের সংখ্যা ১৯৩টি। জাতিসংঘের ১৯৩তম বা সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান। দেশটি ১৪ জুলাই, ২০১১ সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কত সালে প্রতিষ্ঠিত হয়?

Question 8

(A) ৭ এপ্রিল, ১৯৪৮ সালে ✔

(B) ৭ এপ্রিল, ১৯৪৭ সালে

(C) ৭ এপ্রিল, ১৯৪৬ সালে

(D) ৭ এপ্রিল, ১৯৪৫ সালে

**Solution:**
WHO এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। ৭ এপ্রিল, ১৯৪৮ সালে এটি প্রতিষ্ঠিত হয়। WHO এর পূর্ণরূপ World Health Organization. এটি জাতিসংঘের একটি বিশেষায়িত সংস্থা।

Question 9

জাতিসংঘ দিবস পালিত হয়–

(A) ২৪ অক্টোবর ✔

(B) ২৪ আগস্ট

(C) ২৪ ডিসেম্বর

(D) ২৪ নভেম্বর

**Solution:**
জাতিসংঘ দিবস ২৪শে অক্টোবর বিশ্বের সকল স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রে উদ্‌যাপিত হয়। সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুসারে জাতিসংঘ সনদ অনুমোদনের দিনে ১৯৪৮ সালে এ দিবস পালনের জন্য নির্দিষ্ট করা হয়েছিল।

Question 10

UN University কোথায় অবস্থিত?

(A) জাপান ✔

(B) আমেরিকা

(C) জার্মানি

(D) ভারত

**Solution:**
UN University জাপানের টোকিওতে অবস্থিত। ১৯৭৩ সালে জাতিসংঘ বিশ্ববিদ্যালয় সনদ গ্রহণ করা হয় এবং ১৯৭৫ সালে এ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়।

Question 11

UNHCR এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A নিউইয়র্ক

B ওয়াশিংটন

C জেনেভা ✔

D ব্রাসেলস

**Solution:**
UNHCR ছাড়াও ILO, ITU, WMO, WIPO, WHO, WTO, UNCTAD, ITC, UNITAR, ICRC, IPU, UNIDIR, WHF প্রভৃতি সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

Question 12

কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্য গ্রহণ করা হয়?

A অছি পরিষদ

B সাধারণ পরিষদ

C নিরাপত্তা পরিষদ ✔

D অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

**Solution:**
জাতিসংঘের নতুন সদস্য গ্রহণ করা হয় সাধারণ পরিষদের সদস্যদের ভোটের মাধ্যমে। তবে চূড়ান্তভাবে সদস্য গ্রহণের পূর্বে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সুপারিশের প্রয়োজন হয়।

Question 13

জাতিসংঘের পতাকায় কোন দুটি রং আছে?

A নীল ও লাল

B নীল ও সাদা ✔

C লাল ও সাদা

D সবুজ ও সাদা

**Solution:**
হালকা নীল রঙের মাঝে একটি সাদা বৃত্ত এবং বৃত্তের মাঝখানে জাতিসংঘের প্রতীক থাকে।

Question 14

জাতিসংঘ কর্তৃক কোন তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি দেয়া হয়?

A ২১ অক্টোবর, ২০১০ ✔

B ২১ নভেম্বর, ১৯৯৯

C ১৯ নভেম্বর, ২০০০

D ১৭ নভেম্বর, ১৯৯৯

**Solution:**
১৯৯৯ খ্রিষ্টাব্দের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে প্রস্তাব উত্থাপন করা হয় ও এতে ১৮৮টি দেশ সমর্থন জানালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়। ২০১০ সালের ২১ অক্টোবর বৃহস্পতিবার জাতিসংঘ সাধারণ পরিষদের ৬৫তম অধিবেশনে এখন থেকে প্রতিবছর একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করবে জাতিসংঘ। এ সংক্রান্ত একটি প্রস্তাব সর্বসম্মতভাবে পাস হয়।

Question 15

জাতিসংঘের লাইব্রেরি ভবনটির নাম-

A ডি রকফেলার ভবন

B কুর্ট ওয়াল্ডহেইম ভবন

C উথান্ট ভবন

D দ্যাগ হ্যামারশোল্ড ভবন ✔

**Solution:**
জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কে অবস্থিত। জাতিসংঘের লাইব্রেরি ভবনের নাম দ্যাগ হেমারশোল্ড লাইব্রেরি।

Question 16

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) পোলিও মুক্ত বিশ্ব গড়ার লক্ষ্যে পোলিও টিকাদান কর্মসূচি গ্রহণ করে কত সালে?

A ১৯৭৮

B ১৯৮০

C ১৯৮৬

D ১৯৮৮ ✓

**Solution:**
বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) পোলিও মুক্ত বিশ্ব গড়ার লক্ষ্যে পোলিও টিকাদান কর্মসূচি গ্রহণ করে ১৯৮৮ সালে। পোলিও মাইলিটিস (Poliomyelitis) এক ধরনের ভাইরাসজনিত সংক্রামক রোগ। সচরাচর এটি পোলিও নামেই পরিচিত। দূষিত খাদ্য ও পানির সাথে প্রবেশ করার পর পোলিও ভাইরাস মানবদেহের স্নায়ুতন্ত্রে প্রবেশ করে এবং মাংসপেশী নিয়ন্ত্রণকারী স্নায়ুকোষকে আক্রান্ত করে। ১৯৫৪ সালে মার্কিন বিজ্ঞানী জোনাস এডওয়ার্ড সল্ক পোলিও রোগের (Inactivated Vaccine) আবিষ্কার করে।

Question 17

জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণার ঐতিহাসিক নথিটি গ্রহণ করে?

A ১৯৪৮ ✓

B ১৯৫৬

C ১৯৪৫

D ২০০০

**Solution:**
জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সর্বজনীন ঘোষণা বিশ্ব মানবাধিকারের সাধারণ নির্দেশনা হিসেবে কাজ করে। ৩০টি ধারা বিশিষ্ট মানবাধিকারের বৈশ্বিক ঘোষণার এ ঐতিহাসিক নথিটি ১০ ডিসেম্বর, ১৯৪৮ জাতিসংঘের সাধারণ পরিষদে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

Question 18

জাতিসংঘের প্রশাসনিক কাজ সম্পাদন করে কোন শাখা?

A সাধারণ পরিষদ

B জাতিসংঘ সচিবালয় ✓

C আন্তর্জাতিক আদালত

D নিরাপত্তা পরিষদ

**Solution:**
জাতিসংঘ সচিবালয় (ইংরেজি: United Nations Secretariat) জাতিসংঘের ছয়টি গুরুত্বপূর্ণ শাখা বা সংস্থার অন্যতম একটি শাখা। এ শাখাটি সেক্রেটারিয়েট কিংবা সম্পাদকীয় দপ্তর কিংবা শাসন বিভাগীয় সংস্থা হিসেবেও পরিচিত। এটি জাতিসংঘের প্রশাসনিক বিভাগ হিসেবে দায়িত্ব পালন করছে। সংস্থার প্রধান হিসেবে রয়েছেন একজন মহাসচিব।

Question 19

জাতিসংঘের আটলান্টিক চার্টার গৃহিত হয় কত সালে?

A ১৯৪১ ✓

B ১৯৪২

C ১৯৪৩

D ১৯৪৪

**Solution:**
জাতিসংঘ গঠনের দ্বিতীয় পদক্ষেপ আটলান্টিক সনদ। মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন রুজভেল্ট এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল ১৪ আগষ্ট, ১৯৪১ আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ রণতরী প্রিন্সেস অব ওয়েলস এ এক বৈঠকে মিলিত হয়ে যে যৌথ ঘোষণা দেন তাকে আটলান্টিক সনদ নামে অভিহিত করা হয়। আটলান্টিক চার্টার গৃহীত হয় ১৯৪১ সালে।

Question 20

জাতিসংঘের কোন সংস্থা খাদ্য ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট?

A ILO

B UNESCO

C IMF

D FAO ✓

**Solution:**
পরিচয় : জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা।
FAO: Food and Agriculture Organization.
প্রতিষ্ঠা : ১৯৪৫ সালে।
সদর দপ্তর : রোম (ইতালি)।

Question 21

আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা (IMO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A জেনেভা

B লন্ডন ✔

C মাদ্রিদ

D বার্ন

**Solution:**
আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা (IMO) এর পূর্ণরূপ International Maritime Organization. এটি প্রতিষ্ঠিত হয় ৬ মার্চ, ১৯৪৮ সালে। এর সদর দপ্তর লন্ডন, যুক্তরাজ্য। IMO কনভেনশন কার্যকর হয় ১৭ মার্চ ১৯৫৮ সালে।

Question 22

‘ইউনেস্কো’র প্রধান লক্ষ্য–

A শিক্ষা-সংস্কৃতি ✔

B সামাজিক

C অর্থনৈতিক

D সামরিক

**Solution:**
UNESCO:
পরিচয়: জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা।
UNESCO: UN Educational, Scientific and Cultural Organization.
প্রতিষ্ঠা: প্যারিস, ফ্রান্স।
সদস্য: ১৯৪টি (সর্বশেষ যুক্তরাষ্ট্র)
বাংলাদেশ সদস্যপদ লাভ করে: ২৭ অক্টোবর, ১৯৭২

Question 23

আয়তনে জাতিসংঘের বৃহত্তম সদস্য রাষ্ট্র কোনটি?

A রাশিয়া ✔

B চীন

C. কানাডা

D. যুক্তরাষ্ট্র

**Solution:**
ক্ষুদ্রতম দেশ- আয়তনে : মোনাকো; জনসংখ্যায় : টুভ্যালু।
বৃহত্তম দেশ- আয়তনে : রাশিয়া; জনসংখ্যায় : ভারত।
স্থায়ী পর্যবেক্ষক দেশ- ভ্যাটিক্যান সিটি ও ফিলিস্তিন।

Question 24

এ পর্যন্ত কতটি শান্তিরক্ষী মিশন গ্রহণ করা হয়েছে?

A. ৭১টি ✔

B. ৭০টি

C. ৬৯টি

D. ৭৩টি

**Solution:**
জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী ১৯৪৮ সালে গঠন করা হয়। এখন পর্যন্ত শান্তিরক্ষী মিশন গঠিত হয়েছে ৭২টি এবং চলমান শান্তিরক্ষী মিশন ১২টি।

Question 25

জাতিসংঘ মোট কতটি অঙ্গ সংগঠন নিয়ে গঠিত?

A. ৬টি ✔

B. ৯টি

C. ৫টি

D. ৮টি

**Solution:**
UN এর ছয়টি অঙ্গ সংস্থা হলো UNGA, UNSC, UNTC, ECOSOC, ICJ, UNS.

Question 26

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্যরাষ্ট্র সর্বোচ্চ কত জন প্রতিনিধি পাঠাতে পারে?

A তিনজন

B চারজন

C পাঁচজন ✔

D ছয়জন

**Solution:**
জাতিসংঘের বিধান অনুযায়ী সাধারণ পরিষদে প্রত্যেক সদস্যরাষ্ট্র পাঁচজন করে প্রতিনিধি পাঠাতে পারে। তবে কোনো সিদ্ধান্তের ক্ষেত্রে প্রত্যেক সদস্যরাষ্ট্র শুধু একটি ভোট প্রদান করতে পারে।

Question 27

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্য রাষ্ট্র কত বছরের জন্য নির্বাচিত হয়?

A ৫ বছর

B ৩ বছর

C ২ বছর ✔

D ১ বছর

**Solution:**
নিরাপত্তা বা স্বস্তি পরিষদের সদস্য দেশ ১৫টি (স্থায়ী ৫ এবং অস্থায়ী ১০)। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ২ বছরের জন্য নির্বাচিত হয়।

Question 28

কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা দিয়েছে?

A ইউনিসেফ

B ইউএনডিপি

C বিশ্বব্যাংক

D ইউনেস্কো ✔

**Solution:**
১৯৯৭ সালের ৬ ডিসেম্বর জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক বিষয়ক সংস্থা 'ইউনেস্কো' সুন্দরবনকে ৭৯৮তম বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা করেন। এছাড়া ইউনেস্কো ঘোষিত দেশের তিনটি বিশ্ব ঐতিহ্যের মধ্যে বাকি দুটি হলো- পাহাড়পুর বৌদ্ধবিহার (নওগাঁ) এবং ষাটগম্বুজ মসজিদ (বাগেরহাট)।

Question 29

বাংলাদেশের কোন স্থাপনাটি 'ওয়ার্ল্ড হেরিটেজ' হিসেবে ঘোষিত?

A লালবাগ কেল্লা

B মহাস্থানগড়

C সোমপুর বিহার ✔

D আহসান মঞ্জিল

**Solution:**
ইউনেস্কোর মতে বিশ্ব ঐতিহ্যের তালিকায় বাংলাদেশি স্থান-

| স্থান | অবস্থান | ক্ষেত্র |
|---|---|---|
| সোমপুর বিহার (১৯৮৫) | পাহাড়পুর, নওগাঁ | স্থাপত্য |
| ষাট গম্বুজ মসজিদ (১৯৮৫) | বাগেরহাট | স্থাপত্য |
| সুন্দরবন (১৯৯৭) | খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পটুয়াখালী ও বরগুনা | প্রাকৃতিক ঐতিহ্য |

Question 30

অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিক্ট চুক্তি অনুমোদনের জন্য কোন দেশ দুবার গণভোটের আয়োজন করেছিল?

A লুক্সেমবার্গ

B আয়ারল্যান্ড

C গ্রিস

D ডেনমার্ক ✔

**Solution:**
ম্যাসট্রিক্ট হলো নেদারল্যান্ডসের একটি গুরুত্বপূর্ণ শহর। অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারি এ শহরে EEC-এর ১২টি দেশ মিলিত হয়ে ম্যাসট্রিক্ট চুক্তিটি স্বাক্ষর করে। এ চুক্তিটি অনুমোদনের জন্য ডেনমার্ক দুবার গণভোটের আয়োজন করেছিল।